এবার আরও কম দামে

ইলেকট্রনিকস্ এর

সকল রকম মডেলের ট্রানজিষ্টার রেডিও

১ ব্যাণ্ড মিডিয়াম ১৫০.০০

৩ „ অলওয়েভ ২২৫.০০

কর স্বতন্ত্র

এজেন্সির জন্য আবেদন করুন

SOUND & ELECTRONIC

58-B, Amherst St. Cal - 9

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩২শে জ্যৈষ্ঠ বুধবার, ১৩৭৩ ইং 15th June 1966 { ৫ম সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ঝুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা

কেরোসিন কুকার

ভারতে তৈরী ও বিপুলভাবে ব্যবহৃত।

প্রস্তুতকারক
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

সাইকেল ও সাইকেল পার্টস এর

নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান

সুলভ ভাণ্ডার

রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩২শে জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৭৩ সাল।

# ভারতে খাদ্যাভাব

—০—

ভারত খাদ্যে স্বয়ম্ভর নহে এবং কোনকালেই নাকি ছিল না—এরূপ উক্তি আজকাল শাসককুলের মুখে প্রায়ই শোনা যায়। কবিগণ বৈজ্ঞানিক দৃষ্টি-সম্পন্ন নহেন—এরূপ অভিযোগ সর্ব্বজনবিদিত, তথাপি বিজ্ঞানী যাহা বলেন তাহা অপেক্ষা কবির ভাষা অনেক বেশী আদরণীয়, কারণ হয়তো যে সাধারণ মানুষ বৈজ্ঞানিক দৃষ্টির ধার ধারে না। তাই কবি যখন ভারতমাতার স্তুতি গাহেন—'সুজলাং সুফলাং মলয়জশীতলাং শস্যশ্যামলাং বন্দে' তখন সাধারণ মানুষ মাতার উষররূপ চিন্তা করেনা। বৈজ্ঞানিকও আপত্তি জ্ঞাপন করেন না কবি-বাক্যে। তখন স্বতঃই মনে হয় যে ভারতমাতা হয়তো প্রকৃতই সুজলা সুফলা শস্যশ্যামলা। সাধারণ মানুষ হৃদয়ের নিকটে থাকে, বৈজ্ঞানিক থাকেন মস্তিষ্কের নিকট। তাই যে কাজে সাধারণ মানুষের ডাক পড়ে সে কাজে হৃদয়গ্রাহ্য উপাদান থাকা চাই। বিদেশী শাসককুলকে বিতাড়িত করিয়া স্বদেশী শাসককুলের হস্তে রাজ্যভার হস্তান্তরকরণের দাবী যখন উঠিল তখন প্রথমে যুক্তি আবেদন নিবেদনের প্রয়োজন হইল। তাহাতে যখন ইপ্সিত ফললাভ হইল না; তখন দেশের জনসাধারণের সহযোগ প্রয়োজন হইল। জনসাধারণের নিকট হৃদয়াবেগ বড়—তাই ভাবাবেগ যুক্ত কবিকণ্ঠ জনমনের হৃদয়দুয়ারে আঘাত হানিতে লাগিল। বলিল, এই ভারতমাতা তোমার মা, দেখ, মা যা ছিলেন, দেখ, মা যা হইয়াছেন। মা কিরূপ ছিলেন—সুজলা সুফলা মলয়জশীতলা শস্য-শ্যামলা। মায়ের এই রূপ দেখিয়াই না যুগ যুগ ধরিয়া কত মরুপ্রান্তর গিরিবন অতিক্রম করিয়া দুর্দ্ধর্ষ জাতিগণ ভারতে প্রবেশ করিয়া দেশ লুণ্ঠন করিয়াছে। ঈদৃশ লুণ্ঠনের ফলেই মাতা খিন্না। মায়ের এই দারিদ্র্যরূপ ঘুচাইতে হইবে। আইস, মাতাকে বন্দনা করি। আমরা আবার ভারত-মাতাকে সেই হাস্যময়ী স্নেহময়ী অন্নপূর্ণা মূর্ত্তিতে প্রতিষ্ঠা করিব।

মানুষের ভাবনা যদি গভীর হয় তবে সে যাহা চায় তাহা পায়। আমরা চাহিয়াছিলাম ভারত-মাতার স্বাধীনতা। কিন্তু বিবাদ বাধাইল ইসলাম-ধর্মাবলম্বিগণ। তাহাদের বলিলাম—ভাই। ভাই হইতে তাহাদের আপত্তি ছিল না; কিন্তু যেহেতু ভাই ভাই ঠাঁই ঠাঁই সে হেতু তাহাদের ভিন্ন ঠাঁইয়ের বন্দোবস্ত করিবার প্রয়োজনে বৃটিশমাতাকে ভারতমাতার দুই সন্তানের দুই সংসার পাতিয়া দিবার মধ্যস্থ বানাইলাম। ফলাফল যাহা হইয়াছে এবং যে বিষময় পরিণাম হইয়াছে তাহার বিশদ বিবরণ না দিলেও তাহা কাহারও অবিদিত নাই। আমরা স্বাধীনতা চাহিয়াছিলাম। আমাদের দাবীর মধ্যে কিঞ্চিৎ ন্যূনতা থাকিয়া থাকিবে। তাহা না হইলে খণ্ডিত ভারতমাতা পাইলাম কেন? যদিও বা পাইলাম তবে তাহাকে এই উনিশ বৎসরে সুজলা সুফলা করিতে পারিলাম না কেন? খাদ্য শস্যের জন্য বিদেশের মুখাপেক্ষী হইয়া থাকিলাম কেন? ভারতবর্ষে সত্যই কি চাষের জমির অভাব হইয়াছে? বস্তুতঃ তাহা নহে। বরং উত্তরোত্তর চাষের জমির বৃদ্ধি হইয়াছে এবং ফসলও বাড়িয়াছে এই সত্য সরকারী তথ্য হইতেই সংগ্রহ করিতে পারি।

"Agricultural Situation in India" নামে এক পুস্তিকা ভারত সরকার কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে। তাহাতে দেখিতেছি যে ১৯৫০-৫১ সালের তুলনায় খাদ্যশস্যের উৎপাদনের জন্য চাষের জমির পরিমাণ এ পর্য্যন্ত সর্বসাকুল্যে শতকরা ১৯.৪ ভাগ বৃদ্ধি পাইয়াছে এবং খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধি পাইয়াছে শতকরা ২২.৬ ভাগ। ইহার মধ্যে ধান্যের জন্য জমির পরিমাণ বাড়িয়াছে শতকরা ১৫.২ এবং ধান্যশস্যের উৎপাদন বাড়িয়াছে শতকরা ৫৭৮ ভাগ। ইহা ব্যতাত অন্যান্য খাদ্যশস্য উৎপাদনের জমির পরিমাণ ও শস্যের পরিমাণ পূর্ব পূর্ব বৎসর অপেক্ষা যথেষ্ট পরিমাণ বৃদ্ধি পাইয়াছে।

যদি খাদ্যশস্যের সংগ্রহ ও উৎপাদন বৃদ্ধি পাইল তবে তাহা গেল কোথায়? ইহার উত্তরে ভারত-সরকারের খাদ্য ও কৃষি মন্ত্রণালয় সমস্ত দোষ চাপাইয়াছেন ক্রমবর্দ্ধমান জনসংখ্যার উপর, চাষী ও ব্যবসায়ীর উপর। গত ১৫ বৎসরে নাকি এত জনসংখ্যা বৃদ্ধি পাইয়াছে যে উৎপন্ন শস্যে জনসাধারণের কষ্ট লাঘব হইতেছে না। বৃদ্ধিপ্রাপ্ত জনসংখ্যা কি পরিমাণ খাদ্যশস্য ভক্ষণ করিতেছে তাহার হিসাব অবশ্য দেওয়া হয় নাই।

---

## সাইকেলে দিল্লী

বহরমপুর নেতাজী রোডের স্বর্গীয় আশুতোষ মল্লিক মহাশয়ের কনিষ্ঠ পুত্র আমাদের স্নেহভাজন শ্রীমান্ অন্নদাকুমার মল্লিক ওরফে গোকুল বিগত ৮ই এপ্রিল বহরমপুর হইতে সাইকেলযোগে একাকী সাঁইথিয়া, দেওঘর, পাটনা, বেনারস, এলাহাবাদ, কানপুর, মথুরা, আগ্রা হইয়া ২১শে মে দিল্লী পৌঁছায়। গত ৪ঠা জুন সে বহরমপুর প্রত্যাবর্ত্তন করেছে। শ্রীমান্ গোকুলের বয়স ৩২ বৎসর, বর্ত্তমানে সে বহরমপুর সেটেলমেণ্ট অফিসে চাকুরী করে। শ্রীমানের সাফল্যে আমরা বিশেষ সন্তুষ্ট হইয়াছি।

---

## জলে ডুবিয়া মৃত্যু

কিছুদিন পূর্ব্বে রঘুনাথগঞ্জ শ্মশান ঘাটের সম্মুখস্থ ভাগীরথী গর্ভে গভীর কূপের জলে ডুবিয়া বিশ বাইশ বছর বয়সের একটী যুবকের মৃত্যু হইযাছে। পরে জানা গেল যুবকের নাম মৃত্যুঞ্জয় প্রামাণিক, বাড়ী নদীয়া জেলার কালীগঞ্জ। সে জঙ্গিপুরে তার বন্ধুর দিদির বাড়ী বেড়াতে এসেছিল। লঞ্চের ছোট বোটে চড়িয়া বাইচ করার সময় এই দুর্ঘটনা ঘটে। তার সঙ্গীরা জলে পড়েছিল কিন্তু নির্ব্বিঘ্নে উঠতে পেরেছিল।

---

## ৪৭-সুতি/৪৯-সাগরদীঘি বিধান সভার চূড়ান্ত ভোটার তালিকা—১৯৬৬, প্রকাশন

৪৭নং সুতি, ৪৯নং সাগরদীঘি বিধান সভা সমূহের সম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা ১৯৬৬ সালের ১৭ই জুন জঙ্গিপুরের মহকুমা শাসক মহোদয়ের অফিসে ও সংশ্লিষ্ট ভোটার তালিকা ২নং সুতি বি, ডি, ও, অফিস, অরঙ্গাবাদ ও সাগরদীঘি বি, ডি, ও, অফিসে জনসাধারণের পরিদর্শনের জন্য প্রকাশিত হইবে এবং ঐ ভোটার তালিকা ১ মাস পর্য্যন্ত প্রকাশিত থাকিবে।

জঙ্গিপুর মহকুমা তথ্য অফিস হইতে প্রেরিত

## খসড়া নির্বাচক তালিকা প্রকাশ সম্পর্কে নোটিশ

৪৭—ফরাক্কা বিধান সভা নির্বাচন ক্ষেত্রের নির্বাচক-তালিকা নির্বাচক-নিবন্ধন নিয়মাবলী—১৯৬০, অনুসারে প্রস্তুত করা হইয়াছে এবং উহার প্রতিলিপি নির্বাচনিক নিবন্ধন-আধিকারিকের অফিসে এবং বি, ডি, ও, ফরাক্কা অফিসে, সংশ্লিষ্ট অঞ্চল পঞ্চায়েত/গ্রাম পঞ্চায়েত/ধুলিয়ান মিউনিসিপ্যালিটি অফিস/ফরাক্কা ব্যারেজ প্রজেক্ট এলাকার অফিসেতে অফিস খোলা থাকিবার সময় পরিদর্শনের জন্য পাওয়া যাইবে।

৪৮—জঙ্গিপুর বিধান সভা নির্বাচন ক্ষেত্রের নির্বাচক-তালিকা নির্বাচক-নিবন্ধন নিয়মাবলী—১৯৬০, অনুসারে প্রস্তুত করা হইয়াছে এবং উহার প্রতিলিপি নির্বাচনিক-নিবন্ধন-আধিকারিকের অফিসে এবং সংশ্লিষ্ট অঞ্চল পঞ্চায়েত/গ্রাম পঞ্চায়েত/ইউনিয়ন বোর্ড/জঙ্গিপুর মিউনিসিপ্যালিটি অফিসেতে অফিস খোলা থাকিবার সময় পরিদর্শনের জন্য পাওয়া যাইবে।

যদি তালিকায় কোন নাম অন্তর্ভুক্ত করার জন্য কোন দাবি বা কোন নাম অন্তর্ভুক্ত করার জন্য কোন আপত্তি বা লিখনের অন্তর্গত বিশেষ বিবরণ সম্বন্ধে কোন আপত্তি থাকে, তবে তাহা নির্বাচনিক নিবন্ধন আধিকারিকের অফিসে অথবা সংশ্লিষ্ট বি, ডি, ও এর নিকট ১৯৬৬ সালের ১৮ই জুলাই তারিখে বা তৎপূর্বে, উপযোগিতা বিবেচনায়, ৬, ৭ বা ৮ নিদর্শনানুযায়ী জানাইতে হইবে, কিংবা যেন পূর্বোক্ত তারিখের মধ্যেই জঙ্গিপুরের মহকুমা শাসক মহোদয়ের অফিসে নির্বাচনিক-নিবন্ধন আধিকারিকের নিকট পৌঁছায় এইভাবে নিবন্ধীকৃত ডাকযোগে নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

ঠিকানা—নির্বাচনিক-নিবন্ধন-আধিকারিক
৪৭-ফরাক্কা বিধান সভা
৪৮-জঙ্গিপুর বিধান সভা
মহকুমা শাসক জঙ্গিপুর
পোঃ রঘুনাথগঞ্জ
জেলা মুর্শিদাবাদ

জঙ্গিপুর মহকুমা তথ্য অফিস হইতে প্রেরিত


## — কৃষি সংবাদ —

### পাটের ভাল ফলন পেতে হলে ইউরিয়া স্প্রে করুন

★ পাট গাছ ৩৫ থেকে ৪০ দিনের মত বড় হলে ইউরিয়া স্প্রে আরম্ভ করুন।

★ একর পিছু ১০ কেজি ইউরিয়া সার জলে গুলে পাট-গাছের পাতায় ১০।১৫ দিন অন্তর দুইবার স্প্রে করুন।

★ পরিষ্কার দিনে সকালের দিকে প্রতিবার একর প্রতি ৫ কেজি ইউরিয়া ৫৫ গ্যালন জলে গুলে স্প্রেয়ারের সাহায্যে পাট গাছের পাতায় স্প্রে করুন।

★ স্প্রেয়ার-যন্ত্র নিকটস্থ কৃষি-কর্মচারীর নিকট হতে অর্দ্ধেক দামে ( ১০২ টাকা ৫০ পয়সা ) সংগ্রহ করুন।

★ পরীক্ষা করে দেখা গেছে এইভাবে ইউরিয়া স্প্রে করলে একর প্রতি ৩—৪ মণ ফলন বেশী পাওয়া যায়।

ডবলু. বি. ( আই. অ্যাণ্ড. পি. আর ) এফ. পি. সি. (সি. ৫) ৭৮৩০ (৭৩)/৬৬



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের
**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬



## দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়



আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

*ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের*

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ **শ্রীরোহিণীকুমার রায়**, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)